

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.১৮. ৬০০

তারিখ: ১৬ জুন ২০২৬

বিষয় : খোয়াইল চেয়ারম্যান বাড়ী পল্লী উন্নয়ন মহিলা সমিতির (আইডি-৪০৫৭৬৬-০৮) ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় মাগুরা জেলাধীন মহম্মদপুর উপজেলার খোয়াইল চেয়ারম্যান বাড়ী পল্লী উন্নয়ন মহিলা সমিতির (আইডি-৪০৫৭৬৬-০৮) সদস্যগণ সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে সঞ্চয় ও ঋণের কিস্তি পরিশোধের শর্তে ঋণ গ্রহণ করেন। কিন্তু সফটওয়্যার পর্যালোচনা করে দেখা যায়, সমিতির সদস্যগণ ঋণ গ্রহণের পর শর্ত মোতাবেক সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে সঞ্চয় ও ঋণের কিস্তি পরিশোধ না করে, বার বার খেলাপী করেছেন এবং মেয়াদ শেষে এককালীন ঋণ পরিশোধ করেছেন। এছাড়া অনেক সদস্য নির্ধারিত সময়ের মধ্যে ঋণ পরিশোধ করেননি, যা প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৫.১৫ এর লঙ্ঘন। এতে প্রতীয়মান হয় যে, সুফলভোগী সদস্যগণ কর্তৃক গৃহিত ঋণ আইজিএ ভিত্তিক কোন কর্মকান্ডে ব্যবহৃত হচ্ছে না।

এমতাবস্থায়, প্রকল্পের সফলতার ধারাবাহিকতা রক্ষার স্বার্থে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ৫.১৫ অনুচ্ছেদ লঙ্ঘিত হওয়ায় খোয়াইল চেয়ারম্যান বাড়ী পল্লী উন্নয়ন মহিলা সমিতির (আইডি-৪০৫৭৬৬-০৮) ঋণ বিতরণ কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মো: আবদুস সবুর
উপপ্রকল্প পরিচালক
ফোন: ০২-৪১০১০৩৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
মহম্মদপুর, মাগুরা

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, মাগুরা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, মহম্মদপুর, মাগুরা।
৬. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি।